



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্থানীয় সরকার বিভাগ  
প্রশাসন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিষয়ঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতায় বাস্তবায়নাধীন 'দুর্গম এলাকায় তথ্য প্রযুক্তি নেটওয়ার্ক স্থাপন (কানেক্টেড বাংলাদেশ)' প্রকল্পের Point of Presence (PoP) স্থাপনে ইউনিয়ন পরিষদ কমপ্লেক্সে কক্ষ বরাদ্দ এবং অপটিক্যাল ফাইবার ক্যাবল স্থাপনে রাস্তা ব্যবহারের অনুমতি প্রদান।

সূত্রঃ মাননীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রীর ০৮/০৭/২০২০ তারিখের ৫৬.০০.০০০০.০০৬.৯৯.০০৩.২০-৩০৭ নং আধা-সরকারি পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্ব স্মারকের প্রেক্ষিতে মাননীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রীর স্বাক্ষরিত আধা-সরকারি পত্রটি এবং এতদসংক্রান্ত মাননীয় মন্ত্রী কর্তৃক অনুমোদিত নোটাংশের অনুলিপি এ সাথে প্রেরণ করা হল। উক্ত আধা-সরকারি পত্রের নির্দেশনা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তঃ বর্ণনামতে ২(দুই) পৃষ্ঠা।

Mr. Rahman  
এ কে এম মিজানুর রহমান  
উপসচিব  
ফোন- ৯৫৭৫৫৭৩  
E-mail: lgadmin1@lgd.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নং-৪৬.৪২.০০০০.০০০.২২.০০২.১৫ (৩)-১৮২১

তারিখঃ ১৫ অগ্রহায়ণ ১৪২৭  
৩০ নভেম্বর ২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্ব স্মারকের পরিপ্রেক্ষিতে মাননীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রীর স্বাক্ষরিত আধা-সরকারি পত্রটির বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত বর্ণনামতে ০১ (এক) পাতা।

Mr. Tanvir  
মোহাম্মদ তানভীর আজম হিদ্দিকী  
উপসচিব  
ফোনঃ ৯৫৭৫৫৬৮  
Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ .....।  
অনুলিপি:

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপসচিব (প্রশাসন-১), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।



সি.সচিব  
স্বতন্ত্রতা

আধা-সরকারি পত্র সংখ্যা:- ৫৬.০০.০০০০.০০৬.৯৯.০০৩.২০-৬০৭

তারিখ: ২৪ আষাঢ় ১৪২৭  
৮ জুলাই ২০২০

বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতায় বাস্তবায়নাধীন “দুর্গম এলাকায় তথ্য প্রযুক্তি নেটওয়ার্ক স্থাপন (কানেস্টেড বাংলাদেশ)” প্রকল্পের Point of Presence (PoP) স্থাপনে ইউনিয়ন পরিষদ কমপ্লেক্সে কক্ষ বরাদ্দ এবং অপটিক্যাল ফাইবার ক্যাবল স্থাপনে রাস্তা ব্যবহারের অনুমতি প্রদান প্রসঙ্গে।

### মাননীয় মন্ত্রী মহোদয়,

আমার আন্তরিক সালাম ও শুভেচ্ছা নিবেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জনশ্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বে এবং প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক মাননীয় উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদ-এর সার্বিক তত্ত্বাবধানে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাস্তবায়নাধীন কানেস্টেড বাংলাদেশ প্রকল্প সরকারের অগ্রাধিকার প্রাপ্ত প্রকল্পসমূহের মধ্যে অন্যতম। উক্ত প্রকল্পের মাধ্যমে ডিপিপি অনুযায়ী দেশের ৭৭৭টি ইউনিয়নে ইন্টারনেট কানেক্টিভিটি ও ব্রডব্যান্ড ইন্টারনেট নেটওয়ার্ক এর আওতাভুক্ত করা হবে। প্রকল্পটি বাংলাদেশ সরকার ও সামাজিক দায়বদ্ধতা তহবিল (SOF) ফান্ডের যৌথ উদ্যোগে বাস্তবায়নাধীন। উক্ত প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে নগর ও প্রত্যন্ত অঞ্চলের জনগণের ডিজিটাল ডিভাইডেশন দূরীকরণের এ প্রকল্পের মাধ্যমে দুর্গম এলাকায় নেটওয়ার্ক স্থাপন করা হলে উক্ত এলাকার জনগণের দোরগোড়ায় ইন্টারনেট সেবা ও সরকারের বিভিন্ন ধরনের সেবা পৌঁছে দেয়া সম্ভব হবে এবং তাদের তথ্য জগতে প্রবেশ সহজতর হবে। সরকারের “ভিশন ২০২১” তথা ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে প্রকল্পটি অগ্রণী ভূমিকা পালন করবে।

০২। প্রকল্পের আওতায় সারাদেশে ডিপিপি অনুযায়ী ৭৭৭ টি ইউনিয়নে বিস্তৃত ইন্টারনেট সংযোগ স্থাপনের লক্ষ্যে Point of Presence (PoP) স্থাপন করার জন্য প্রত্যেক ইউনিয়ন পরিষদ ভবন কমপ্লেক্সে একটি কক্ষ বরাদ্দ করা প্রয়োজন। এছাড়াও প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করার জন্য HDD ও Open Cut পদ্ধতিতে ডিপিপি অনুযায়ী ৫৫৪৪ কি:মি: এবং Aerial পদ্ধতিতে ৩৩৮৭ কি:মি: অপটিক্যাল ফাইবার ক্যাবল স্থাপন করা হবে। অপটিক্যাল ফাইবার স্থাপনের সময় এলজিইডি, জেলা পরিষদ, ইউনিয়ন পরিষদের রাস্তা খনন ও নতুন খুঁটি স্থাপন করা প্রয়োজন হবে। রাস্তা খননের জন্য এলজিইডি ও জেলা পরিষদকে ক্ষতিপূরণ প্রদানের অর্থ প্রকল্পের ডিপিপিতে বরাদ্দ নেই।

০৩। এমতাবস্থায়, বর্ণিত প্রেক্ষাপটে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাস্তবায়নাধীন কানেস্টেড বাংলাদেশ প্রকল্পের আওতায় PoP স্থাপনে ডিপিপি অনুযায়ী ৭৭৭টি ইউনিয়ন পরিষদ ভবন কমপ্লেক্সে একটি কক্ষ বরাদ্দ এবং ক্ষতিপূরণ ছাড়াই অপটিক্যাল ফাইবার ক্যাবল স্থাপনে রাস্তা ব্যবহারে সহযোগিতা প্রদানের লক্ষ্যে এলজিইডি, জেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদকে সদয়


স্বাধীন সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
নির্দেশনা প্রদানের জন্য স্মরণীয় অনুরোধ করছি।

১) অতিরিক্ত সচিব	২) উপসচিব (প্রশাসন)
৩) সহসচিব (ডাক)	৪) উপসচিব (স্বতন্ত্রতা)
৫) উপসচিব (স্বতন্ত্রতা)	৬) উপসচিব (স্বতন্ত্রতা)
৭) উপসচিব (স্বতন্ত্রতা)	৮) উপসচিব (স্বতন্ত্রতা)

শুভেচ্ছান্তে,

২১২ ২২/৭/২০  
২১/৭/২০  
য়ুগসচিব (প্রঃ)

আন্তরিকভাবে আপনার

  
০৬-০৭-২০২০  
(জুনাইদ আহমেদ পলক, এমপি)  
প্রতিমন্ত্রী

জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি  
মাননীয় মন্ত্রী  
স্বাধীন সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয় ঢাকা-১০০০।

ডায়েরী নং ৬৬৭  
তারিখ ২২/৭/২০  
সনিক কর্মকর্তা (প্রশাসন-১)  
উপসচিব (প্রশাসন-১)

ডায়েরী নং ৫৫৫  
তারিখ ২২/০৭/২০২০  
স্বাধীন সরকার, পল্লী উন্নয়ন  
ও সমবায় মন্ত্রণালয়  
(মন্ত্রীর দপ্তর)

অতিঃ/যুগ্ম সচিব-প্রশাসন/উপজেলা/অডিট  
নম্বর..... তারিখ.....  
অতিরিক্ত সচিব (প্রশাসন)